রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ৩১, ২০১৭**

**[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৫ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৪.০০.০০০০.২০২.১৮.১০১.১২(২য় খণ্ড)-০৬**—যেহেতু, Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O. No.27 of 1972) এর দ্বিতীয় তফসিলভুক্ত ৩০ নং ক্রমিক-এ উল্লিখিত জলিল টেক্সটাইল মিলস্ লিঃ, ফৌজদারহাট, চট্টগ্রাম অতঃপর উক্ত কোম্পানি বলে উল্লিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ব সরকারের ওপর ন্যস্ত ছিল; এবং

যেহেতু, জলিল টেক্সটাইল মিলস্ লিঃ, ফৌজদারহাট, চট্টগ্রাম, সাবেক মালিকদের নিকট (৪০% শেয়ার হোল্ডার) ৩০-১২-১৯৯৯ খ্রিঃ তারিখে হস্তান্তর চুক্তি সম্পাদনের মাধ্যমে হস্তান্তর করা হয়। উক্ত চুক্তির উল্লেখযোগ্য শর্ত ছিল মিলটি ৩১-০৩-২০০০ তারিখের মধ্যে চালু করতে হবে এবং প্রাক্তন শেয়ার মালিক (৬০% শেয়ার হোল্ডার) ও শ্রমিক-কর্মচারীদের পাওনা টাকা পরিশোধ করতে হবে। চুক্তিপত্রের শর্তে আরো উল্লেখ ছিল-যে কোনো শর্ত লংঘন করলে মিলটি সরকারের নিয়ন্ত্রণে আনা যাবে। কিন্তু মিল কর্তৃপক্ষ মিলটি চালু করেনি এবং শ্রমিক-কর্মচারী বা সাবেক শেয়ার হোল্ডার (৬০%) দের পাওনা টাকাও পরিশোধ করেনি;

যেহেতু, মাননীয় প্রধানমন্ত্রী (১২-১০-২০১৪) এ মন্ত্রণালয় পরিদর্শনকালীন সময়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন :

> "যে সকল শিল্প বেসরকারিকরণ করা হয়েছিল, শর্ত লংঘিত হলে তা সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনতে হবে।"



**মূল্য :** টাকা ৪.০০

যেহেতু, শর্ত লংঘিত হলে তা সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর উপরোক্ত নির্দেশনা মোতাবেক শর্ত লংঘনকৃত মিলের দায়িত্ব সরকার গ্রহণ করতে পারে। উল্লেখ্য, মিল কর্তৃপক্ষের চুক্তি ভঙ্গ ছাড়াও অনিয়ম ও অব্যবস্থাপনার চিত্র দৃশ্যমান বিধায় এলাকার আইন শৃঙ্খলা রক্ষার স্বার্থে মিলটি সরকারের ব্যবস্থাপনায় ফেরত আনা ও শ্রমিক-কর্মচারীদের পাওনা আদায় করা প্রয়োজন;

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯ নং ধারা অনুযায়ী ৩০-১২-১৯৯৯ খ্রিঃ তারিখে সম্পাদিত চুক্তি বাতিল করার সিদ্ধান্ত গ্রহণক্রমে এতদ্বারা জলিল টেক্সটাইল মিলস্ লিঃ, ফৌজদারহাট, চট্টগ্রাম উক্ত কোম্পানির যাবতীয় শেয়ার, অন্যান্য স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্বসহ সরকার কর্তৃক অদ্য ০৫-০১-২০১৭ খ্রিস্টাব্দ/২২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ তারিখে পুন:অধিগ্রহণ (Take Back) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ত সংস্থা বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) এর নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রীনা পারভীন**
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd